দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৬/২০২৪ তারিখঃ২২/১০/২০২৪ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর বিজ্ঞপ্তি নং- ২১, তারিখ: ২০/১০/২০২৪ খ্রি. হতে সিএন্ডএফ এজেন্টদের জন্য প্রযোজ্য অংশ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

**প্রসঙ্গত উল্লেখ্য, এসোসিয়েশনের প্রধান দপ্তরে সদস্যপদ নবায়ন করা হচ্ছে।**

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

গণ বিজ্ঞপ্তি নং- ২১ তারিখ: ২০/১০/২০২৪ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকল এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা ২০২০ অনুযায়ী যে সকল লাইসেন্সের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে কিংবা উত্তীর্ণ হওয়ার পর্যায়ে রয়েছে, সে সকল সিএন্ডএফ এজেন্ট, রেফারেন্স সিএন্ডএফ এজেন্ট, সেক্ষ ক্লিয়ারিং এজেন্ট এবং শিপিং এজেন্টদেরকে লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে নিম্নে বর্ণিত তথ্য-উপাত্ত ও দলিলপত্রসহ নবায়নের আবেদন লাইসেন্স শাখায় দাখিল করতে অনুরোধ করা হলো:

**ক. সিএন্ডএফ এজেন্ট/রেফারেন্স সিএন্ডএফ এজেন্ট এবং কাস্টম সরকার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে:**

| | |
|---|---|
| ০১ | লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে মূল এজেন্সী লাইসেন্স বুকলেট সংযুক্ত করতে হবে; |
| ০২ | সিএন্ডএফ এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে নবায়ন ফি বাবদ টা: ১০,০০০/- (দশ হাজার) মাত্র টি, আর, চালানের মাধ্যমে পরিশোধ করে টি, আর, চালানের মূল কপি সংযুক্ত করতে হবে; (কোড-১১১৩১-০০১০-১৮৫৪) |
| ০৩ | নবায়ন ফি'র উপর ১৫% (১৫০০/-) মূসক পরিশোধের টি, আর, চালানের কপি দাখিল করতে হবে; (কোড-১১১৩৩-০০২৫-০৩১১) |
| ০৪ | কাস্টম হাউস, চট্টগ্রাম এর কম্পিউটার হতে প্রোগ্রামার স্বাক্ষরিত পূর্বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি দাখিল করতে হবে অথবা অন্য কাস্টম হাউসের রেফারেন্স লাইসেন্স এর পারফরমেন্স এর কপি নবায়নের ক্ষেত্রে বিবেচনা করা যাইবে; |
| ০৫ | রেফারেন্স লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মূল লাইসেন্সের নবায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে; |
| ০৬ | আবেদন পত্রের সাথে ০৫ (পাঁচ) বৎসরের অফিস ভাড়ার উপর প্রদেয় ১৫% ভ্যাট পরিশোধের টি, আর, চালানের কপি; বি:দ্র: অফিসের আয়তন ১৫০ বর্গফুটের নীচে হলে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে না; তদস্থলে অফিস ভাড়ার হালনাগাদ চুক্তিপত্রের কপি সংযুক্ত করতে হবে। (কোড- ১১১৩৩-০০২৫-০৩১১) |
| ০৭ | চট্টগ্রামস্থ অফিস ঠিকানা প্রদর্শিত ব্যবসার প্রকৃতি উল্লেখপূর্বক মূসক সনদপত্র দাখিল করতে হবে (সিএন্ডএফ লাইসেন্স হলে সিএন্ডএফ এবং শিপিং লাইসেন্স হলে শিপিং উল্লেখ করতে হবে); |
| ০৮ | নবায়নের আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি প্রদান করতে হবে; |
| ০৯ | নবায়নের আবেদন পত্রের সাথে নবায়নের পূর্ববর্তী আর্থিক বৎসরের হাল-নাগাদ আয়কর পরিশোধ সম্পর্কিত সনদের সত্যায়িত কপি অথবা পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে; |
| ১০ | স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট এসোসিয়েশনের হাল-নাগাদ সদস্যভূক্তির সনদপত্র; |
| ১১ | ০২ (দুই) কপি " প্রোফরমা ছক " সঠিকভাবে পূরণ করে দাখিল করতে হবে; |
| ১২ | নবায়নের আবেদন পত্রের সাথে অফিস ভাড়ার প্রমাণ স্বরূপ ০১(এক) বছরের ঘরভাড়ার রশিদ (রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত) সংযুক্ত করতে হবে; |
| ১৩ | সত্বাধিকারী/অংশীদারী/লিমিটেড কোম্পানির সকল মালিকগণের জাতীয় পরিচয়পত্রের কপি ও পাসপোর্ট সাইজের স্বাক্ষরিত ছবি সংযুক্ত করতে হবে; |
| ১৪ | যে সমস্ত কাস্টমস্ সরকার লাইসেন্স/পারমিটের মেয়াদ ২০২৪ সনের ৩১শে ডিসেম্বর উত্তীর্ণ হবে কিংবা যে সকল লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হচ্ছে/হবে, সে সমস্ত কাষ্টমস্ সরকার/পারমিট নবায়নের জন্য টি, আর, চালানের মাধ্যমে নবায়ন ফি বাবদ টাকা ১০০/- (একশত) ও নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধ করে টি, আর, চালানের কপি/জাতীয় পরিচয়পত্রের কপি ও স্বাক্ষরিত ছবি এবং কাস্টমস্ সরকার লাইসেন্স সহ পৃথকভাবে আবেদন করতে হবে; |
| ১৫ | কাস্টমস্ পারমিট নবায়নের আবেদন উপ-কমিশনার ও সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে কাস্টম হাউস এর লাইসেন্স শাখায় দাখিল করতে হবে; |

চলমান পৃঃ নং-০২

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com





**ঘ. শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স সিএন্ডএফ এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য ঃ**

| | |
|---|---|
| ০১ | কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ইস্যুকৃত মূল লাইসেন্স এর বিপরীতে যে সকল প্রতিষ্ঠানকে শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স লাইসেন্স অনুমোদন করা হয়েছে, সে সকল লাইসেন্স এর বিপরীতে অনুচ্ছেদ 'ক' এর উপানুচ্ছেদ-০২ এ বর্ণিত লাইসেন্স ফি টাঃ ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র ফি পরিশোধের টি, আর, চালান এবং নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের কপি দাখিল করতে হবে। |

বিঃ দ্রঃ ইদানীং বিভিন্ন গোপনীয় সূত্রে জানা যাচ্ছে যে, অনেক লাইসেন্সীর মৃত্যুজনিত/স্থায়ীভাবে দেশান্তরের তথ্য গোপন করে অন্য কেউ লাইসেন্স নবায়ন পূর্বক কার্যক্রম/পরিচালনা করছে। এ জন্য লাইসেন্স নবায়নকালে লাইসেন্সী নিজে অথবা NID নম্বর উল্লেখ পূর্বক স্বাক্ষর সত্যায়িত করে তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। এছাড়া, নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল ব্যর্থ হলে কাস্টমস এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ/-
**(মোহাম্মদ সাইদুল ইসলাম)**
ডেপুটি কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

স্বাঃ/-
**(মোহাম্মদ তারেক হাসান)**
জয়েন্ট কমিশনার
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

নথি নং-এস ১৫-২২ জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৪)/৩৩৩২৭(১০)    তারিখ: ২০/১০/২০২৪ খ্রি.

চলমান পৃঃ নং -০৩

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০



### " প্রোফরমা ছক "

| | | |
|---|---|---|
| ০১। | এজেন্টের লাইসেন্স নম্বর (এআইএন নং- ও ইস্যুর তারিখ) | ঃ |
| ০২। | লাইসেন্সের প্রকৃতি | ঃ সিএন্ডএফ/রেফারেন্স সিএন্ডএফ/সেল্ফ ক্লিয়ারিং/ শিপিং। |
| ০৩। | এজেন্টের নাম ও ঠিকানা, মূল মালিকের নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা (অংশীদার/প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সকল অংশীদার/পরিচালকদের নাম, পদবী, জাতীয় পরিচয়পত্র নম্বর স্থায়ী ও বর্তমান ঠিকানা) | ঃ |
| ০৪। | ল্যান্ড ফোন নাম্বার ও মোবাইল নাম্বার | ঃ |
| ০৫। | প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষরক্ষমতা প্রাপ্ত ব্যক্তিবর্গের নাম, পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা (স্বাক্ষরক্ষমতার সময়সীমাসহ) | ঃ |
| ০৬। | প্রতিষ্ঠানের কাস্টম সরকারদের নাম, পিতার নাম, লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ এবং স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ প্রক্সিমিটি আইডি কার্ড নম্বর | ঃ |
| ০৭। | বর্তমানে লাইসেন্স নবায়ন আছে কিনা- না থাকলে কি কারণে লাইসেন্স নবায়িত নেই। | ঃ |
| ০৮। | সর্বমোট জাহাজ খালাস ও বোঝাই (শিপিং লাইসেন্স) | ঃ |
| ০৯। | সর্বমোট বি/ই ও শিপিং বিল এর সংখ্যা | ঃ |
| ১০। | সর্বমোট পণ্যের মূল্য (ক) আমদানী চালান | ঃ টাঃ |
| | " " (খ) রপ্তানী চালান | ঃ টাঃ |
| ১১। | সর্বমোট আমদানী শুল্ক প্রদান | ঃ টাঃ |
| ১২। | সর্বমোট ভ্যাট প্রদান | ঃ টাঃ |
| ১৩। | সর্বমোট অগ্রীম আয়কর প্রদান | ঃ টাঃ |
| ১৪। | সর্বমোট অবকাঠামো উন্নয়ন কর প্রদান | ঃ টাঃ |
| ১৫। | সর্বমোট লাইসেন্স ফি প্রদান | ঃ টাঃ |
| ১৬। | সর্বমোট রাজস্ব প্রদান | ঃ টাঃ |
| ১৭। | সর্বমোট সিএন্ডএফ কমিশন এর উপর ভ্যাট প্রদান | ঃ টাঃ |
| ১৮। | প্রতিষ্ঠানের ঠিকানা এবং গঠনগত পরিবর্তন হয়ে থাকলে তার বর্ণনা | ঃ |
| ১৯। | কাস্টম এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০ মোতাবেক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কোন কার্যক্রম আছে কিনা | ঃ |

নিবেদক
আপনারই বিশ্বস্ত,